# বাংলাদেশ কৃষি ব্যাংক

লোকাল প্রিন্সিপাল অফিস

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫২৯৯৬, ৪৭১১১৯৫৫
মোবাইলঃ ০১৭১৬৫০৪৬০২,
০১৮২৮১১৪৭২৭
e-mail-dgmlpo@krishibank.org.bd


সূত্র নং-বিকেবি/এলপিও/হিঃ-৩৯/২০২৩-২০২৪/২৬৫১ তারিখ : ১১-১২-২০২৩ খ্রিঃ

**অতীব জরুরী**

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সামরিক পেনশন সংশ্লিষ্ট ১১১৪-বিকেবি আন্তঃশাখা সাধারন হিসাবের অনিষ্পন্ন এন্ট্রি নিষ্পন্ন করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের অডিট কমিটির বিগত ১৪.১১.২০২৩ তারিখের অনুষ্ঠিত সভায় অত্র ব্যাংকের বহিঃ নিরীক্ষা প্রতিবেদনে ১১১৪-বিকেবি আন্তঃশাখা সাধারণ হিসাবের এন্ট্রিসমূহ দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন থাকায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গভীর অসন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য, ১১১৪-বিকেবি আন্তঃশাখা সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রির বিরাট একটি অংশ সামরিক পেনশন সংশ্লিষ্ট।

০২। সামরিক পেনশন সংশ্লিষ্ট দীর্ঘ দিনের অসমন্বিত এন্ট্রি নিরসনকল্পে বিকেবি, প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগের ২ (দুই) জন কর্মকর্তা ও স্থানীয় মুখ্য কার্যালয়ের ৪ (চার) জন কর্মকর্তা নিয়ে মোট ৬ (ছয়) সদস্যের একটি কমিটি গঠিত হয়েছে (কপি সংযুক্ত)। গঠিত কমিটিকে আগামী ৩১.১২.২০২৩ তারিখের মধ্যে সামরিক পেনশন সংশ্লিষ্ট এন্ট্রিসমূহ শতভাগ নিষ্পন্ন করার নির্দেশ দেয়া হয়েছে। উক্ত কমিটিকে সহায়তা করার লক্ষ্যে প্রতিটি অঞ্চল হতে একজন করে কর্মকর্তা মনোনয়ন প্রদান করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। মনোনিত কর্মকর্তার নাম, পদবী ও Whatsapp নম্বর আগামী ১৩.১২.২০২৩ তারিখের মধ্যে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৩। মনোনিত আঞ্চলিক কর্মকর্তার দায়িত্বঃ

(ক) অঞ্চলাধীন সকল শাখা ব্যবস্থাপক ও কমিটির সদস্যদের সাথে সমন্বয় সাধন।

(খ) অঞ্চলাধীন যে সকল শাখা এ্যাডভাইস পাওয়া সত্ত্বেও এ্যাডভাইস রেসপন্ড করে নি, সেসকল শাখাকে এ্যাডভাইস সঠিক নিয়মে রেসপন্ড করার ব্যবস্থা গ্রহন।

(গ) সামরিক পেনশন সংক্রান্ত যাবতীয় সমস্যার সমাধান কল্পে তিনি সকল শাখা ব্যবস্থাপকের সাথে যোগাযোগ পূর্বক হালনাগাদ তথ্য বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্তৃক গঠিত কমিটির নিকট উপস্থাপন করবেন।

০৪। এমতাবস্থায়, আপনার কার্যালয়ের (ইতোপূর্বে ই-মেইলের মাধ্যমে প্রেরিত Excel File) অনিষ্পন্ন সকল এন্ট্রির অরিজিনেট/রেসপন্ড করার তথ্য সংশ্লিষ্ট কমিটির সদস্যদের সাথে যোগাযোগ পূর্বক আগামী ৩১.১২.২০২৩ তারিখের মধ্যে শতভাগ নিষ্পন্ন করার জন্য আপনাদের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মাইমুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক (দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, সকল বিভাগীয় কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
০৫. উপ-মহাব্যবস্থাপক (জিবি), বিকেবি, লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা।
০৬. মুখ্যআঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৭. নথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫
E-mail ঃ dgmlpo@krishibank.org.bd

নং-বিকেবি/এলপিও/প্রশা-৮(অংশ)(৬)/২০২৩-২০২৪/ ১৩৫৮

তারিখঃ ০৫.১২.২০২৩ খ্রিস্টাব্দ

# "অফিস আদেশ"

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের হিসাব সমন্বয় বিভাগের পত্র নং-প্রকা/সমন্বয়/৬০/১(১১১৪)/২০২৩-২০২৪/১৪৩, তারিখঃ২৭/১১/২০২৩ খ্রিঃ এবং পত্র নং-প্রকা/সমন্বয়/৬০/১(১১১৪)/২০২৩-২০২৪/১৫৬, তারিখঃ ০৪/১২/২০২৩ মোতাবেক অত্র কার্যালয়ের সামরিক পেনশনের দীর্ঘ দিনের অসমন্বিত ডেবিট এন্ট্রি নিরসনকল্পে নিম্ন বর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলোঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে অবস্থান | কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ সফিয়ার রহমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | দলনেতা | হিসাব সমন্বয় বিভাগ, বিকেবি, প্রকা |
| ২. | জনাব সাবিকুন নাহার | মুখ্য কর্মকর্তা | সদস্য | হিসাব সমন্বয় বিভাগ, বিকেবি, প্রকা |
| ৩. | জনাব জাহাঙ্গীর আজগর বাপ্পী | মুখ্য কর্মকর্তা | সদস্য | বিকেবি, এলপিও |
| ৪. | জনাব আঞ্জুমান-আরা-বেগম | উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য | বিকেবি, এলপিও |
| ৫. | জনাব তানিয়া সুলতানা | কর্মকর্তা | সদস্য | বিকেবি, এলপিও |
| ৬. | জনাব মাহফুজা ইয়াসমিন | কর্মকর্তা | সদস্য | বিকেবি, এলপিও |

০২। গঠিত কমিটির সদস্যদেরকে আগামী ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে সামরিক পেনশনের অসমন্বিত ডেবিট এন্ট্রিসমূহ শতভাগ নিস্পন্ন পূর্বক নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার জন্য নির্দেশ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

(মোঃ শাহ আলম) ০৫-১২-২০২৩
উপমহাব্যবস্থাপক

সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ-

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-২/৩ মহোদয় এর সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, হিসাব সমন্বয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। নথি।